''বাংলো শিশু ও কিশোর সাহিত্য'' নামক এই গ্রন্থটি নতুন ভাবনা চিন্তার এক অসাধারণ কর্মও বলা যেতে পারে। গ্রন্থটিতে বিভিন্ন সাহিত্যিকদের সাহিত্যের উপর আলোকপাত করা হয়েছে। রবীন্দ্রনাথ ঠাকুর থেকে শুরু করে অবনীন্দ্রনাথ ঠাকুর, সুকুমার রায়, দক্ষিণাচরণ মিত্র, উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, সত্যজিৎ রায়, লীলা মজুমদার, শক্তি চট্টোপাধ্যায়, সুনির্মল বসু, কৌশিক পাল, গোলাম কিবরিয়া প্রমুখ খ্যাতনামা সাহিত্যিকদের রচিত বিভিন্ন শিশু ও কিশোর সাহিত্যের উপর যেমন আলোকপাত করা হয়েছে ঠিক অপরদিকে 'সূর্যসেন' নামক পত্রিকাকেও আলোচনার বিষয় হিসাবে সন্নিবিষ্ট করা হয়েছে এই গ্রন্থে। প্রতিটি আলোচনাই আলোচকদের নিজ নিজ চিন্তাচর্চা ও মননশীলতার ফসল যা বিদ্বৎমহলে সহজেই সমাদৃত হয়ে উঠবে বলে আমাদের বিশ্বাস।



Bangla Sishu O Kishore Sahitya

Edited by : Rakesh Ch. Sarkar & Sourav Mondal

₹ 400/-

Published by
Barnik Book Publication
Contact : 8391058501
E-mail : amdrbarnik@gmail.com

ISBN : 978-81-968585-6-8

বাংলা শিশু ও কিশোর সাহিত্য

সম্পাদনা : রাকেশ চন্দ্র সরকার ও ড. সৌরভ মণ্ডল



# বাংলা শিশু ও কিশোর সাহিত্য

সম্পাদনা



# বাংলা শিশু ও কিশোর সাহিত্য

সম্পাদনা
রাকেশ চন্দ্র সরকার
ড. সৌভিক মণ্ডল

Bangla Sishu O Kishore Sahitya
edited by Rakesh Chandra Sarkar
and Dr. Souvik Mondal

ISBN : 978-81-968585-6-8

প্রথম প্রকাশ : এপ্রিল, ২০২৪

গ্রন্থস্বত্ব : সম্পাদকদ্বয়

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশেরই কোনওরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনও যান্ত্রিক উপায়ের (গ্রাফিক্স, ইলেকট্রনিক্স বা অন্য কোনও মাধ্যম, যেমন ফোটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য-সঞ্চয় করে রাখার কোনও পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনও ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনও তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রচ্ছদ : অর্পণ

বর্ণ সংস্থাপন : মহঃ আসিফ

বার্নিক প্রকাশন-এর পক্ষ থেকে মধুসূদন রায় কর্তৃক চিন্তামণিপুর,
কৈয়ড়, পূর্ব বর্ধমান-৭১৩৪২৩ থেকে প্রকাশিত এবং
শরৎ ইম্প্রেশন প্রাঃ লিঃ, কলকাতা-৭৩ থেকে মুদ্রিত

প্রকাশনা দপ্তর
বার্নিক বইবিতান, ২নং পাকমারা লেন, বর্ধমান-৭১৩১০১
চলভাষ : ৮৩৯১০৫৮৫০১ এবং ৬২৯৭৫৯৫৪০৯
Mail : amdrbarnik@gmail.com
এবং barnikbooks@gmail.com

৪০০ টাকা

অন্দরমহল


'সহজ পাঠ-এর নিরেট বুনন'
জুলি আখতারী ৯

রবীন্দ্রনাথের অতিথি গল্পের কিশোর চরিত্র তারাপদর মানসপ্রকৃতি
ড. জ্যোতির্ময় রায় ২৩

রবীন্দ্রনাথ ঠাকুরের ছোট গল্প ও ছড়ায় শিশু মনস্তত্ব
অনন্যা রায় ৩৩

বাংলা শিশু ও কিশোর সাহিত্যে এক বিস্ময়কর চরিত্র : বলাই
ড. অরুণ সরকার ৪১

'অচলায়তন' ও 'ডাকঘর' নাটক : এক প্রাণোচ্ছল অবরুদ্ধ শৈশবের কথা
সোনালী মন্ডল ৫০

বাংলা শিশু-কিশোর সাহিত্যে 'উড়নচণ্ডীর পালা'
ড. টুনু রানী বেরা ৫৭

শিশু ও কিশোর সাহিত্যের আলোকে সুকুমার রায়ের
'আবোল তাবোল' একটি বিশ্লেষণাত্মক অধ্যয়ন ঃ
ড. সুদীপ চৌধুরী ৬৮

পাগলা দাশুর পাগলামি ও লালুর কান্ডকারখানায় প্রভাবিত চিরকিশোর মন
ড. দেবী ভৌমিক ৭৪

সুকুমার রায় ও 'লক্ষ্মণের শক্তিশেল'
সোমা দে পাল ৮১

শিশু কেন্দ্রিক বাংলা প্রবাদ
শ্যামসুন্দর প্রধান ৯৩

দক্ষিনারঞ্জন মিত্র মজুমদারের 'ঠাকুরমার ঝুলি : শিশুমনের রূপকথা
তপন কুমার বিশ্বাস ১০৪

বাংলা শিশু সাহিত্যে 'ঠাকুরমার ঝুলি' : নির্বাচিত গল্পের বিচার বিশ্লেষণ
ড. স্বপ্না বেগম চৌধুরী ১১২

ঠাকুরমার ঝুলি ও দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার
একে অপরের পরিপূরক : একটি বিশ্লেষণাত্মক অধ্যয়ন।
ড. বাপি চন্দ্র দাস ১১৮
উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর 'টুনটুনির বই' :
শিশু- কিশোরদের আনন্দ ও চিন্তনের সুখপাঠ্য
বঙ্কিম বর্মন ১২৪
শিশু সাহিত্য ও উপেন্দ্রকিশোর রায়চৌধুরী : একটি সংক্ষিপ্ত পর্যালোচনা
ড. উত্তম পালুয়া ১৩২
ক্ষীরের পুতুল : শিশুসাহিত্যে এক বর্ণময় রূপকথার জগৎ
পৃথা শীল ১৪৬
বাংলা শিশু কিশোর সাহিত্যে-সুনির্মল বসু
রিম্পা মাইতি ১৬২
বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ছোটোদের গল্প : সমাজ ও সমকাল
শতাব্দী শিকদার ১৬৩
সত্যজিতের গল্পে অতিলৌকিকতা
দেবাঙ্গনা বিশ্বাস ১৭৯
একবিংশ শতাব্দীর তৃতীয় দশকে ছন্দিক চর্চায় শিশু সাহিত্যিক ' স্বপনবুড়ো'
শুভ্রা ঘোষ ১৮৭
শিশুসাহিত্যিক লীলা মজুমদারের পদিপিসির বর্মিবাক্স- পাঠ পর্যালোচনা
প্রতিমা বর্মন ১৯৫
অতীত চারিতায় শক্তি চট্টোপাধ্যায়ের কবিতায়
শৈশবের উপস্থাপন : একটি ভিন্ন পাঠ
রাজেশ বিশ্বাস ২০৪
গোলাম কিবরিয়া পিনু'র 'মুক্তিযুদ্ধের ছড়া-কবিতা'য়
বাংলাদেশের শিশু-কিশোর মনের সংকট ও সংগ্রাম
ড. জয় চক্রবর্তী ২১৯
কৌশিক পালের 'তিরন্দাজ' : এক কিশোরীর আত্মপ্রতিষ্ঠার লড়াই
ড. নির্মল দাস ২২৫
শিশু মনস্তত্ত্বের বিকাশে সূর্যসেনা শিশু পত্রিকা :
একটি বিকল্প পথের সন্ধানী
সুমন হাসান ২৩১
প্রাবন্ধিক পরিচিতি ২৪১

# রবীন্দ্রনাথের 'অতিথি' গল্পের কিশোর চরিত্র তারাপদর মানসপ্রকৃতি

ড. জ্যোতির্ময় রায়

পদ্মাতীরবর্তী নিসর্গপ্রকৃতি, পল্লীপ্রকৃতি আর মানবপ্রকৃতির নানা রূপ রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্পের মধ্যে নিবিড় ভাবে ধরা আছে। অতিথি গল্পটি সাধনা পত্রিকায় ১৩০২ বঙ্গাব্দের ভাদ্র-কার্তিক সংখ্যায় প্রকাশিত হয়। এই পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের শেষ ছোটগল্প অতিথি। তারাপাদ এই গল্পের মুখ্য চরিত্র। সমগ্র বাংলা সাহিত্যে কিশোর তারাপদর মতো চরিত্র দ্বিতীয়টি মেলে না। তারাপদর আচার-আচরণ, ক্রিয়া-কলাপ, মনোজগতের নানা মাত্রা নিয়ে বাংলা ছোটগল্পের জগতে চরিত্রটি আজও জীবন্ত হয়ে আছে। রবীন্দ্রনাথের ব্যক্তি জীবনের ছাপ তারাপদ চরিত্রের মধ্যে সহজেই লক্ষ্য করা যায়। জীবনস্মৃতির উপসংহারে আত্মমানস বিশ্লেষণ করে রবীন্দ্রনাথ লিখেছেন : ''বাল্যকালে যখন ঘরের মধ্যে বদ্ধ ছিলাম তখন অন্তঃপুরের প্রাচীরের ছিদ্র দিয়া বাহিরের বিচিত্র পৃথিবীর দিকে উৎসুক দৃষ্টিতে হৃদয় মেলিয়া দিয়াছি। যৌবনের আরম্ভে মানুষের জীবনলোক আমাকে তেমনি করিয়াই টানিয়াছে। তাহারও মাঝখানে আমার প্রবেশ ছিল না, আমি প্রান্তে দাঁড়াইয়া ছিলাম। খেয়ানৌকা পাল তুলিয়া ঢেউয়ের উপর দিয়া পাড়ি দিতেছে, তীরে দাঁড়াইয়া আমার মন বুঝি তাহার পাটনিকে হাত বাড়াইয়া ডাক পাড়িত। জীবন যে জীবনযাত্রায় বাহির হইয়া পড়িতে চায়।''[১] তারাপদকে এই গল্পের কেন্দ্রবিন্দুতে রেখে রবীন্দ্রনাথ জীবনযাত্রার বাইরের দিকটি সামনে এনেছেন। তারাপদর জীবনে বাইরের প্রকৃতি ও মানবপ্রকৃতির মেলবন্ধনের দিকটি এই গল্পে অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

রবীন্দ্রনাথ অতিথি গল্পের প্রধান চরিত্রের নাম রেখেছেন তারাপদ। এই তারাপদ নামের মধ্যেই যে, বিশ্বলোক নক্ষত্রপথে চলার আভাষ আছে, তার পরিচয় পাওয়া যায়। ১৩০১ বঙ্গাব্দের আষাঢ়ে প্রকাশিত 'বিহারীলাল' প্রবন্ধে রবীন্দ্রনাথ বলেছিলেন, 'আমাদের প্রকৃতির মধ্যে একটি বন্ধন-অসহিষ্ণু স্বেচ্ছাবিহারপ্রিয় পুরুষ এবং একটি গৃহবাসিনী অবরুদ্ধ রমণী দৃঢ় অবিচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ হইয়া আছে। একজন বাহিরের দিকে লইয়া যায়, আর- একজন গৃহের দিকে টানে। একজন বনের পাখি, আর-একজন খাঁচার পাখি।'[২]

বনের পাখি যে তারাপদ তা নিশ্চিত ভাবেই বলা যায়, তারপূর্বে অতিথি গল্পের সমগ্র কাহিনীটিকে সামনে রেখে দেখে নেব, তারাপদকে কেন্দ্র করে ঘটনা প্রবাহ কিভাবে